# ২০২৫

## বাংলা — এম.ডি.সি.

### পত্র : MN-1

### [বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) বাংলা সাহিত্য সৃষ্টির পূর্বে সংস্কৃত, প্রাকৃত ও অপভ্রংশ ভাষায় বাঙালির সাহিত্যকর্মের পরিচয় দাও। ১৫

*অথবা*

(খ) বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদের ঐতিহাসিক গুরুত্ব কতখানি? সংক্ষেপে চর্যাপদের সাহিত্যমূল্য আলোচনা করো। ৭+৮

২। (ক) কৃত্তিবাসের আবির্ভাবকাল নির্ধারণ করে তাঁর অনুবাদ কর্মের বিশেষত্ব নির্দেশ করো। ৫+১০

*অথবা*

(খ) বাংলা ভাষায় রচিত দুটি চৈতন্য জীবনী কাব্যের নামোল্লেখ করে এর শ্রেষ্ঠ কবির কাব্যবৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো। ২+১৩

৩। (ক) ধর্মমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবির আবির্ভাব কাল ও কাব্যের নাম উল্লেখ করে তাঁর কবিপ্রতিভার পরিচয় দাও। ২+১৩

*অথবা*

(খ) শাক্ত সাহিত্য রচনায় কবি রামপ্রসাদ সেন-এর কৃতিত্ব বিচার করো। ১৫

৪। (ক) টীকা লেখো — সন্ধ্যাভাষা। ৫

*অথবা*

(খ) টীকা লেখো — শ্রীকৃষ্ণকীর্তনের রাধা। ৫

৫। (ক) টীকা লেখো — শ্রীরাম পাঁচালী। ৫

*অথবা*

(খ) টীকা লেখো — ব্রজবুলি। ৫

Please Turn Over

৬। (ক) অন্নদামঙ্গলের কবি ভারতচন্দ্রের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

*অথবা*

(খ) টীকা লেখো — পদ্মাবতী। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) চর্যাপদের সংস্কৃত টীকাকারের নাম লেখো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটির পূর্বনাম কী ছিল?

(গ) মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের রচনাকাল কী ছিল?

(ঘ) বিদ্যাপতি কোন স্থানের কবি ছিলেন?

(ঙ) গোবিন্দদাস কোন শতাব্দীর কবি ছিলেন?

(চ) বাংলা ভাষায় মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে ছিলেন?

(ছ) চণ্ডীমঙ্গল কাব্যের প্রথম খণ্ডটির নাম কী?

(জ) 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থটির লেখকের নাম কী?

(ঝ) মঙ্গলকাব্যের একটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(ঞ) বিপ্রদাস পিপলাই-এর 'মনসামঙ্গল'-এর রচনাকাল উল্লেখ করো।

(ট) 'ইউসুফ জোলেখা' কাব্যটি কার লেখা?

(ঠ) ভারতচন্দ্র কোন রাজসভার কবি ছিলেন?

(ড) অসিতকুমার বন্দ্যোপাধ্যায় রচিত বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক গ্রন্থটির নাম কী?

(ঢ) আরাকান রাজসভার কবি দৌলত কাজীর কাব্যের নাম কী?

(ণ) কমলাকান্ত ভট্টাচার্য কোন রাজসভার কবি ছিলেন?

---